

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

নিলাম শাখা

## প্রকাশ্য নিলাম নং-০৩/২০২৫ এর বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো হচ্ছে যে, কমিশনার, কাস্টম হাউস চট্টগ্রাম এর নির্দেশক্রমে কাস্টমস অকশন শেডে আগামী ০৫.০২.২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নিলামযোগ্য ৫৮টি লটের বিপরীতে ৭৪টি গাড়ির Iron Scrap (গাড়ির ধংসাবশেষ হতে প্রাপ্ত) পণ্যের প্রকাশ্য নিলাম অনুষ্ঠিত হবে। উক্ত Iron Scrap (গাড়ির ধংসাবশেষ হতে প্রাপ্ত) পণ্যের সংরক্ষিত মূল্য (টন প্রতি) ৫৩,৪৮৮.০৪ (তিন্সান্ন হাজার চারশত আটাশি দশমিক শূণ্য চার) টাকা। আগ্রহী ক্রেতাগণ পণ্যচালান আগামী ০৪.০২.২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সরেজমিনে পরিদর্শন করতে পারবেন। উল্লেখ্য যে, নিলাম কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী Iron Scrap পণ্যের শর্তসমূহ নিম্নরূপ:

- ক) শিল্পের কাঁচামাল হিসাবে Iron Scrap প্রকৃত ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠান প্রকাশ্য নিলামে অংশগ্রহণ করতে পারবেন।
- খ) সংশ্লিষ্ট বিডারগণকে ইন্ডাস্ট্রিয়াল আই,আর,সি হোল্ডার ভ্যাট Compliant হিসেবে বিবেচিত হতে হবে।
- গ) সর্বোচ্চ বিডার কর্তৃক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার পে-অর্ডার দাখিল করতে হবে।
- ঘ) টন প্রতি হিসেবে নিলাম ডাক অনুষ্ঠিত হবে।
- ঙ) খালাস পর্যায়ে প্রকৃত ওজনের ভিত্তিতে নিরূপিত মূল্য ও প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে পণ্যচালানটি খালাস প্রদান করা হবে।
- চ) ওজন পরিমাপ সংক্রান্ত যাবতীয় ব্যয় বিডারকে বহন করতে হবে।

আদেশক্রমে

কমিশনার অব কাস্টমস,  
কাস্টম হাউস, চট্টগ্রাম।